# Times Today BD

মেহেদী হাসান | ক্যাম্পাস | 27 April, 2025

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পবিপ্রবি) এর এ্যানিমেল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ভেটেরিনারি স্টুডেন্ট এসোসিয়েশনের উদ্যোগে উৎসবমুখর পরিবেশে বিশ্ব ভেটেরিনারি দিবস ২০২৫ পালিত হয়েছে ।প্রতিবছর এপ্রিল মাসের শেষ শনিবার বিশ্বজুড়ে বিশ্ব ভেটেরিনারি দিবস পালিত হয়।এ বছর দিবসটির প্রতিপাদ্য বিষয় হচ্ছে " □□□□□□ □□□□□□ □□□□□ □ □□□□"

শুক্রবার রাত ১২.০১ মিনিটে ক্ষনগণনার মধ্য দিয়ে এ অনুষ্ঠানের শুভ সূচনা করেন ভিএসএ এর সভাপতি প্রফেসর ড. খন্দকার জাহাঙ্গীর আলম,  সহ সভাপতি মুজাহিদুল ইসলাম তন্ময়, সাধারণ সম্পাদক অর্জুন দাস সহ ভিএসএএর সকল নেতৃত্ববৃন্দ ও সাধারণ শিক্ষার্থীরা।এরপরপরই ডিভিএম ডিসিপ্লিনের সকল ব্যাচের শিক্ষার্থীরা আতসবাজি উৎসবে মেতে ওঠে।

২৭ এপ্রিল (শনিবার) সকাল ৯টায় পবিপ্রবির উপাচার্য প্রফেসর ড. কাজী রফিকুল ইসলাম এবং ভিএসএ এর সভাপতি প্রফেসর ড. খন্দকার জাহাঙ্গীর আলমের উপস্থিতিতে পায়রা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয় ।৯.১৫ ঘটিকায় এক বর্ণাঢ্য র‍্যালি বিশ্ববিদ্যালয়ের মূল একাডেমিক ভবন হতে শুরু হয়ে বাবুগঞ্জ উপজেলার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে অনুষদীয় অডিটোরিয়ামের সামনে এসে শেষ হয়।র‍্যালিতে বিভিন্ন প্রাণির ছবি, পোস্টার, প্ল্যাকার্ড এক ভিন্ন মাত্রার সৃষ্টি করে।

সকাল ১০:৩০ ঘটিকায় অনুষদীয় অডিটোরিয়ামে উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড.

এ.কে.এম. মোস্তফা আনোয়ারের সভাপতিত্বে ও সহসভাপতি মুজাহিদুল ইসলাম তন্ময়ের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড.কাজী রফিকুল ইসলাম।

এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো- ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এস. এম. হেমায়েত জাহান, ট্রেজারার প্রফেসর মোঃ আবদুল লতিফ, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মামুন অর রশীদ, এএনএসভিএম অনুষদের ডিন ও ভেটেরিনারি স্টুডেন্টস এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড.খন্দকার জাহাঙ্গীর আলম এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় পরিচালক ডা: মোঃ লুতফুর রহমান।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা এর পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের সদস্য পরিচালক এবং মেম্বার ডিরেক্টর, লাইভস্টক ডিভিশন ড. মোহাম্মদ রফিকুল ইসলাম।তিনি এই সেক্টরের নানা দিক সম্পর্কে সম্যক ধারণা দেন।

এসময় ভিএসএ এর সাধারণ সম্পাদক অর্জুন দাস বলেন, "আজকের এই দিনটি সত্যিই আমাদের জন্য আনন্দের। মাননীয় ভিসি স্যার, ডিএলও স্যার সহ সকল ভেটেরিনারিয়ানদের সাথে পাওয়া আমাদের জন্যে সত্যিই অনুপ্রেরণাদায়ক "

এছাড়াও সহ সভাপতি মুজাহিদুল ইসলাম তন্ময় আগামী দিনগুলোতে সকলে একসাথে কাজ করার মাধ্যমে সংগঠনকে সামনের দিকে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

প্রো- ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এস. এম. হেমায়েত জাহান বলেন, "আমাদের বিশ্ববিদ্যালয়ের প্রাণিচিকিৎসা অনুষদ (এএনএসভিএম) এবং ভেটেরিনারি স্টুডেন্টস এসোসিয়েশন আজকের এই অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রমাণ করেছে যে তারা শুধু একাডেমিক শ্রেষ্ঠত্বে নয়, সামাজিক দায়বদ্ধতার ক্ষেত্রেও অগ্রণী ভূমিকা পালন করবে।আমি আশা করি, আমাদের তরুণ ভেটেরিনারিয়ানরা ভবিষ্যতে '□□□ □□□□□□□'

ধারণাকে ধারণ করে প্রাণিস্বাস্থ্য, মানবস্বাস্থ্য এবং পরিবেশের মধ্যে ভারসাম্য রক্ষায় নেতৃত্ব দেবে।'

ভাইস চ্যান্সেলর কাজী রফিকুল ইসলাম আয়োজকদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, "এ বছরের প্রতিপাদ্য–"□□□□□□ □□□□□□ □□□□□ □ □□□□"–একটি অত্যন্ত সময়োপযোগী ও বাস্তবসম্মত বার্তা বহন করে। এটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে, প্রাণিস্বাস্থ্য রক্ষা শুধুমাত্র প্রানী চিকিৎসকদের একক দায়িত্ব নয়; বরং এটি গবেষক, কৃষক, প্রশাসক, শিক্ষার্থী, ও সর্বোপরি সমাজের প্রতিটি সচেতন মানুষের সম্মিলিত প্রচেষ্টার ফল।'

সন্ধ্যা ৭ টায় বরিশাল ক্যাম্পাস মাঠে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন হয় ।

অনুষ্ঠানের ২য় দিন ২৭ এপ্রিল সকাল ১০ টা হতে বিকাল ৫ টা পর্যন্ত ভেটেরিনারি টিচিং হসপিটালে বিনা মূল্যে বিভিন্ন প্রাণীর চিকিৎসা প্রদান এবং ওষুধ বিতরণ করা হবে।

বিশ্ববিদ্যালয় বিশ্ব ভেটেরিনারি দিবস সেমিনার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 05:58

URL: https://www.timestodaybd.com/campus/150660384